

স্কলাসটিকায় শহীদ দিবস পালন

শাহনেওয়াজ :রাইজিংবিডি ডট কম

Published:24 Feb 2015 02:38:58 PM Tuesday



নিজস্ব প্রতিবেদক : যথাযোগ্য মর্যাদায় স্কলাসটিকা স্কুলে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়েছে। স্কুলের বিভিন্ন শাখায় প্রভাতফেরি, বর্ণমেলা, আলপনা আঁকা, বইমেলা, আলোচনা সভা, কবিতা আবৃত্তি ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

স্কলাসটিকা উত্তরা সিনিয়র শাখা প্রাঙ্গণে স্থাপিত শহীদ মিনারে শনিবার (২১ ফেব্রুয়ারি) সকালে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে অনুষ্ঠানমালা শুরু হয়। দিবসটি উপলক্ষে আলোচনায় অংশ নেন

প্রিন্সিপাল ব্রিগেডিয়ার জেনারেল কায়সার আহমেদ (অবঃ) ও সিনিয়র ভাইস-প্রিন্সিপাল সাবিনা মুস্তাফা। সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেয় সোতা, প্রত্যয়, ফারহান, ফয়সাল, লামিসা ও সিয়াম। এ ছাড়া আবৃত্তি করে এহসান আলম।

মিরপুর শাখায় কবিতা আবৃত্তি, দেশাত্মবোধক গান, নৃত্য ও ভাষা আন্দোলনের ইতিহাস উপস্থাপন করা হয়। এ ছাড়া সিনিয়র ভাইস প্রিন্সিপাল ফারাহ সোফিয়া আহমেদের নেতৃত্বে স্কুলের ছাত্র শিক্ষক ও কর্মকর্তাগণ শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন।

সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেয় নাফিরা, নদী, ফারিন, রাফিয়া, তামজিদ ও আরো অনেকে।

উত্তরা জুনিয়র শাখায় নাচ-গান আবৃত্তি ছাড়াও ছিল বর্ণমেলা, রং তুলিতে আলপনা, মানচিত্রে আমার বর্ণমালা ও চলো পড়ি বাংলা বই ইত্যাদি অনুষ্ঠান।

এছাড়া আলোচনায় অংশ নেন মুক্তিযোদ্ধা ও লেখক আবির আহাদ, সাংবাদিক সিরাজ উল হক ও স্কুলের শাখা প্রধান সাজিয়া ইয়াসমিন।

স্কলাসটিকার অন্যান্য শাখায়ও অনুরূপ অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। স্কুল প্রাঙ্গণে আয়োজিত এ সব অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের পাশাপাশি শিক্ষক ও অভিভাবকরা অংশ নেন।

রাইজিংবিডি/ঢাকা/২৪ ফেব্রুয়ারি ২০১৫/শাহনেওয়াজ